

INFORMATION TECHNOLOGY POLICY

Issue Date	01/01/2019
Revision No	01
Total Pages	Two (02)

		Signature
Written by:	Manager Compliance	
Review & Approved By:	Sr. Manager Admin	

INFORMATION TECHNOLOGY POLICY

তথ্য প্রযুক্তি নীতি

শ্যামলী গার্মেন্টস লিঃ তার নিজের, তার সহযোগী প্রতিষ্ঠান সমূহের ও তার ক্রেতাদের ব্যবসায়িক গোপনীয়তা রক্ষার্থে বদ্ধ পরিকর। সে কারণে শ্যামলী গার্মেন্টস লিঃ তার তথ্য প্রযুক্তি নীতির ক্ষেত্রে তার ক্রেতাদের ব্যবসায়িক গোপনীয়তাকে সর্বাধিক গুরুত্ব দিয়ে থাকে। শ্যামলী গার্মেন্টস লিঃ তার ক্রেতাদের এ মর্মে পূর্ণ নিশ্চয়তা প্রদান করে যে, ক্রেতাদের কোনরকম তথ্য কোনভাবেই তৃতীয় কোন পক্ষের কাছে প্রকাশিত হবে না। এ নীতির যথাযথ বাস্তবায়নে শ্যামলী গার্মেন্টস লিঃ নিম্নোক্ত পদক্ষেপগুলো অনুসরণ করে থাকেঃ

- (১) গোপনীয়তা রক্ষার্থে নতুন নিয়োগকৃত দায়িত্বশীল ব্যক্তিদের অঙ্গীকার গ্রহণ : কোম্পানির ও কোম্পানীর ক্রেতাদের গোপনীয়তা রক্ষার্থে পূর্ণ অঙ্গীকারবদ্ধ না হলে দায়িত্বশীল পদে কোন নিয়োগ দান করে না।
- (২) বিদায়ী কর্মকর্তার কাছ থেকে সকল প্রকার রেকর্ড/ নথি ফেরৎ নেয়াঃ চাকুরী ছেড়ে যাবার পূর্বেই শ্যামলী গার্মেন্টস লিঃ তার নিয়োগকৃত ব্যক্তিদের কাছ থেকে সকল রেকর্ড (সকল আংশিক অথবা সম্পূর্ণ অথবা নকল কপি)- যা তার তৈরীকৃত অথবা যা তাকে কাজের স্বার্থে কোম্পানী প্রদান করেছিল তা ফেরৎ নিয়ে নেয়।
- (৩) কোম্পানীর প্রত্যেকটি পার্সোনাল কম্পিউটার কনসার্ন ব্যক্তি ব্যতিত অন্য কারো ব্যবহার নিষিদ্ধ।
- (৪) কোম্পানীর প্রত্যেকটি পার্সোনাল কম্পিউটার প্রতি ৩০ দিন পর পর অন্তর নতুন নতুন পাস ওয়ার্ড দ্বারা প্রবেশাধিকার সংরক্ষিত করা হয়।
- (৫) কোম্পানীর ই-মেইল হাইটেক সিস্টেম দ্বারা সংরক্ষিত। যে কোন প্রকারের হ্যাকিং নিয়ন্ত্রণে কোম্পানীর রয়েছে হাইটেক টেকনোলোজি ও হাইলি ইফিসিয়েন্ট আই.টি. ইঞ্জিনিয়ারগণ।
- (৬) পার্সোনাল কম্পিউটার ও ই-মেইলের পাসওয়ার্ড শুধুমাত্র কনসার্ন ব্যক্তি ব্যতিত একমাত্র জানবে কোম্পানির আই.টি. ইঞ্জিনিয়ার।
- (৭) কোম্পানির আই.টি. সেকটরকে সর্বদা সচল ও ঝুঁকি মুক্ত রাখতে আই.টি. ইঞ্জিনিয়ারগণ সর্বদা রুটিন মাসিক হার্ডওয়্যার ও সফটওয়্যার মেইনটেন্যান্স করে থাকেন।
- (৮) পার্সোনাল কম্পিউটারের যে কোন হার্ডওয়্যার বা সফটওয়্যারের আকস্মিক সমস্যার সমাধানে কোম্পানির আই.টি. ইঞ্জিনিয়ার ব্যতিত অন্য কারো প্রবেশাধিকার নিষিদ্ধ। এবং এ ব্যাপারে কোম্পানি ম্যানেজম্যান্ট সর্বদা সতর্ক।
- (৯) কেহ যদি কোম্পানীর তথ্য প্রযুক্তি নীতিমালা ভঙ্গ করে কোম্পানীর ও কোম্পানীর ক্রেতাদের কোন প্রকার তথ্য তৃতীয় কোন পক্ষের কাছে প্রকাশ করে তবে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাসহ তাকে আইন প্রয়োগকারী সংস্থার নিকট হস্তান্তর করা হবে।